

# জবিতে শতাধিক শিক্ষককে সংবর্ধনা দিল শিক্ষক সমিতি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শিক্ষক সমিতির উদ্যোগে

বিশ্ববিদ্যালয়ের এমফিল, পিএইচডি ও বিদেশি মাস্টার্স ডিগ্রিপ্রাপ্ত

এবং পদোন্নতিপ্রাপ্ত শতাধিক শিক্ষককে সংবর্ধনা প্রদান করা

হয়েছে।

রবিবার (২০ জুলাই) শহীদ সাজিদ একাডেমিক ভবনের ৭১২

নম্বর কক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে সম্মাননাপ্রাপ্ত শিক্ষকদের হাতে

ক্রেস্ট তুলে দেওয়া হয়। এ ছাড়া পরিবেশবান্ধব বার্তা হিসেবে

একটি করে বৃক্ষের চারা তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড.

মো. মোশাররফ হোসেন এবং বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ

অধ্যাপক ড. সাবিনা শরমীন।



স্বেচ্ছাসেবক লীগ নেতা লিপু গ্রেগ্নার

শিক্ষক সমিতি জানায়, এই আয়োজনের মাধ্যমে শিক্ষকগণ  
তাদের একাডেমিক ও পেশাগত অর্জনের স্বীকৃতি পেয়ে অনুপ্রাণিত  
হবেন এবং ভবিষ্যতে আরো গবেষণাধর্মী ও সৃজনশীল কর্মকাণ্ডে  
যুক্ত হবেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য  
অধ্যাপক ড. মো. রেজাউল করিম বলেন, ‘দীর্ঘদিনের নানা সংকট  
ও চ্যালেঞ্জ পেরিয়ে শিক্ষক সমিতি সবসময়ই শিক্ষক-শিক্ষার্থীদের  
ন্যায্য অধিকারের পক্ষে গঠনমূলক ভূমিকা রেখে আসছে।  
গবেষণার মানোন্নয়ন এবং একাডেমিক কার্যক্রমে শৃঙ্খলা রক্ষায়  
শিক্ষক সমাজকে আরো মনোযোগী হতে হবে।’

তিনি বিশ্ববিদ্যালয়ে সব পর্যায়ে সমতা প্রতিষ্ঠায় প্রশাসন ও শিক্ষক  
সমিতির যৌথ প্রচেষ্টার ওপর গুরুত্বারোপ করেন।

এ ছাড়া স্বাগত বক্তব্য প্রদান করেন শিক্ষক সমিতির সাধারণ  
সম্পাদক অধ্যাপক ড. মো. রইছ উদ্দীন এবং অনুষ্ঠান সঞ্চালনা  
করেন কোষাধ্যক্ষ ও সংবর্ধনা আয়োজন কমিটির আহ্বায়ক  
অধ্যাপক ড. ইমরানুল হক। এ ছাড়া অনুষ্ঠানে বিভিন্ন অনুষদ ও  
বিভাগের শতাধিক শিক্ষক অংশ নেন।